দৈনিক ইত্তেফাক
তারিখ ... MAR. 1 5 1999 ...
পৃষ্ঠা ৫ কলাম ৫

107

# প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক পাঠ পরিকল্পনা

পাঠদানের ক্ষেত্রে বার্ষিক পাঠ পরিকল্পনার গুরুত্ব অপরিসীম। পাঠ পরিকল্পনা বৎসরের শুরুতে তৈয়ার করা হয় এবং সেই মোতাবেক সারাবৎসর পাঠদানের কার্য পরিচালিত হয়। প্রতিটি পাঠ্যবইকে বৎসরের কার্যদিন দিয়া ভাগ করিয়া প্রতিদিন কোন বিষয়ের কতটুকু পড়াইতে হইবে তাহা নির্ধারিত থাকে পাঠ পরিকল্পনায়। পাঠ পরিকল্পনা অনুসারে পাঠদান করিলে শিক্ষকদের কাজ সহজ হয় এবং নির্ধারিত সময়ে পাঠ্যক্রম শেষ করা যায়। পাঠ পরিকল্পনার গুরুত্ব বিবেচনা করিয়া জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড প্রতিটি পাঠ্যবইয়ের শিক্ষক সংস্করণ প্রকাশ করিয়া সরকারী ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে বিনামূল্যে সরবরাহ করিয়াছে। শিক্ষক সংস্করণে মূল পাঠ্যবইসহ বার্ষিক পাঠ পরিকল্পনা সন্নিবেশিত হইয়াছে। শিক্ষক সংস্করণ অনুসরণ করিলে শিক্ষকদের আলাদাভাবে পাঠ পরিকল্পনা প্রণয়নের প্রয়োজন হয় না। প্রতি বৎসরই বিদ্যালয়ের কার্যদিন অপরিবর্তিত থাকে। উপলক্ষ ভিত্তিক ছুটির দিনও তারিখ পরিবর্তিত হইলেও বৎসরের মোট কার্যদিনের কোন পরিবর্তন হয় না। বিগত বৎসরে পাঠ্যবইগুলি যতগুলি পিরিয়ডে বিভক্ত করা হইয়াছিল বর্তমান বৎসরেও ততগুলি পিরিয়ড বহাল থাকিবে। উদাহরণস্বরূপ বলা যায়, পঞ্চম শ্রেণীর বাংলা পাঠ্যবই-এর প্রথম গদ্য 'আমাদের এই দেশ' শিক্ষক সংস্করণে সন্নিবেশিত পাঠ পরিকল্পনা অনুসারে অনুশীলনীসহ ৯টি পিরিয়ডে বিভক্ত করা হইয়াছে। পাঠ্যবইয়ের কোনরূপ পরিবর্তন না হইলে প্রতিবৎসরই সংশ্লিষ্ট গদ্যটি ৯ পিরিয়ডে পড়াইতে হইবে। যেহেতু বার্ষিক কার্যদিনের কোন পরিবর্তন হয় না, সেহেতু সংশ্লিষ্ট গদ্যটির পিরিয়ড সংখ্যা কম-বেশী হওয়ার কোনই অবকাশ নাই। নূতন বৎসরে প্রথম যেদিন ক্লাস শুরু হইবে (ছুটির তালিকা অনুসারে) সেদিন হইতে শিক্ষক সংস্করণ অনুসারে পাঠদান শুরু করিলে শিক্ষকদের আলাদাভাবে পাঠ পরিকল্পনা প্রণয়নের দরকার পড়ে না। ক্লাস শুরুর পূর্বে পূর্ব প্রস্তুতি হিসাবে শিক্ষকদের নোট বইতে শুধু বিষয়বস্তু, পাঠসংখ্যা ও যোগ্যতার নম্বর লিখিয়া নিলেই চলিবে। শিক্ষক সংস্করণে সন্নিবেশিত পাঠ পরিকল্পনা পূর্ণাঙ্গ ও আদর্শ পাঠ পরিকল্পনা। অথচ এত সুন্দর পাঠ পরিকল্পনা থাকা সত্ত্বেও থানা শিক্ষা কর্মকর্তাগণ পাঠ পরিকল্পনা প্রণয়নের জন্য শিক্ষকদের প্রতি জুলুম করিতেছেন। শিক্ষা সংস্করণে সন্নিবেশিত পাঠ পরিকল্পনা খাতায় লিপিবদ্ধ করিতে শিক্ষকদের অযথা শ্রম ও সময়ের অপচয় হইতেছে। কাজেই নূতন পাঠ পরিকল্পনা নহে বরং শিক্ষা সংস্করণে সন্নিবেশিত পাঠ পরিকল্পনা অনুসরণের নির্দেশ দিলে শিক্ষকগণ অযথা ঝামেলা হইতে রেহাই পাইবেন এবং সেই সাথে শিক্ষা সংস্করণের যথাযথ ব্যবহার নিশ্চিত হইবে। বিষয়টির প্রতি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাননীয় মহাপরিচালক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মিজানুর রহমান,
সহ-প্রধান শিক্ষক,
শ্রীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়,
পান্টী, কুষ্টিয়া।